

**এসএসসি প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় ব্যবস্থা নেয়া হয়নি ৩ মাসেও**

ঢাকা বিপোর্টার : ২০১০ সালের এসএসসি পরীক্ষায় ইংরেজি প্রশ্নপত্রের প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়নি ৩ মাসেও। বরং জড়িতদের রক্ষায় বিন্যাসের ব্যবস্থাপনা কমিটি এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সাবিক) নানা কৌশল অবলম্বন করছেন বলে অভিযোগ উঠেছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, গত ১৬ ফেব্রুয়ারি পরীক্ষা শুরু হওয়ার দেড় ঘণ্টা আগে কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালনকালে মাদ্রাসাইল বহুমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আলী এবং সহকারি প্রধান শিক্ষক মোঃ আমিন মিঞা ইংরেজি প্রশ্নপত্র প্রশ্নপত্রের প্যাকেট খুলে ফেলেন। এ সময় ম্যানিফেস্ট উপস্থিত ছিলেন না। এ সুযোগে তারা মোবাইল ফোনের মাধ্যমে পুরো প্রশ্নপত্র আউট করে দেন। ঘটনার সত্যতা প্রমাণিত হলে তাদেরকে ২০ ফেব্রুয়ারি পরীক্ষার দায়িত্ব থেকে বহিষ্কার (স্মারক নং-৫৩৮/মাথা-পরীক্ষা/২০০০/৪৪৮) করা হয়। ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান ১৮ ফেব্রুয়ারি সবেজমিন পরিদর্শন রিপোর্ট এবং জেলা প্রশাসকের জরুরি ক্যাম বার্তার আলোকে তাদের বিরুদ্ধে এ ব্যবস্থা নেন। প্রশ্নপত্র ফাঁসের মতো পেশাগত অসদাচরণ ও নীতিপার্বিত্য কাজের দায়ে দুই শিক্ষকের বিরুদ্ধে বিতানীয় ব্যবস্থা নিতে সাধামিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তর থেকে ঢাকার অতিরিক্ত জেলা প্রশাসক ও মাদ্রাসাইল বহুমুখী উচ্চবিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে চিঠি দেয়া হয় ২০ এপ্রিল। কিন্তু প্রায় ৩ মাস অতিবাহিত হতে চললেও চিঠির নির্দেশনা কার্যকর করা হয়নি। বরং দুই শিক্ষককে অতিরিক্ত থেকে রক্ষা করতে নানা রকম কৌশল অবলম্বনের অভিযোগ উঠেছে ব্যবস্থাপনা কমিটির সভাপতি এবং অতিরিক্ত জেলা প্রশাসকের বিরুদ্ধে।